

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জানাযা রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১১) জানাযা পড়ার সময় মৃত ব্যক্তি ভাল ছিল কি-না জিজ্ঞেস করা

মৃত ব্যক্তি সম্পর্কে জনগণের কাছে এ ধরণের স্বীকারোক্তি নেওয়া শরী'আত সম্মত নয়। তবে মানুষ নিজেদের পক্ষ থেকে স্বেচ্ছায় যা বলবে সেটাই মৃত ব্যক্তির জন্য গৃহীত হবে। খারাপ মন্তব্য হোক বা ভাল হোক।[1] ফেরেশতাগণ এর প্রতি আমীন বলেন।[2] তবে মৃত ব্যক্তির গুণ উল্লেখ করা সম্পর্কে বর্ণিত হাদীছটি যঈফ।

'তোমরা তোমাদের মৃত ব্যক্তিদের উত্তম কার্যসমূহ উল্লেখ করবে এবং তাদের মন্দকর্ম উল্লেখ করা থেকে বিরত থাকবে'।[3]

তাহকীক: উক্ত বর্ণনা যঈফ ও মুনকার। ইমাম তিরমিয়ী হাদীছটি বর্ণনা করে বলেন,

هَذَا حَدِيثٌ غَرِيْبٌ سَمِعْتُ مُحَمَّدًا يَقُوْلُ عِمْرَانُ بْنُ أَنَسٍ الْمَكِّيُّ مُنْكَرُ الْحَدِيْثِ '

এই হাদীছটি গরীব। আমি ইমাম বুখারীকে বলতে শুনেছি যে, ইমরান ইবনে আনাস আল-মাক্কী পরিত্যক্ত রাবী'।[4] সুতরাং উক্ত অভ্যাস সত্বর পরিত্যাজ্য।

ফুটনোট

- [1]. মুত্তাফাৰু আলাইহ, বুখারী হা/১৩৬৭, ১/১৮৩ পৃঃ, (ইফাবা হা/১২৮৩, ২/৪১৮ পৃঃ); মিশকাত হা/১৬৬২।
- [2]. মুসলিম হা/২১৬৮ ও ২১৬৯, ১/৩০০ পৃঃ, (ইফাবা হা/১৯৯৮), 'জানাযা' অধ্যায়, অনুচ্ছেদ-২; মিশকাত হা/১৬১৭ ও ১৬১৯, পৃঃ ১৪১।
- [3]. আবুদাউদ হা/৪৯০০, ২/৬৭১ পৃঃ, 'আদব' অধ্যায়, অনুচ্ছেদ-৫০; মিশকাত হা/১৬৭৮, পৃঃ ১৪৭।
- [4]. যঈফ তিরমিযী হা/১০১৯, ১/১৯৮ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2008

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন